আলমডাঙ্গায় দলীয় নেতাকর্মীদের সাথে এমপি ছেলুন জোয়ার্দ্দারের মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় দলীয় নেতাকর্মীদের সাথে মত বিনিময় করেন। গতকাল শনিবার সকাল সাড়ে ১০ টায় আলমডাঙ্গার দলীয় কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মত বিনিময় সভায় এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,দেশে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে, আমাদের জেলায় গরমের সময় গরম ও শীতের সময় প্রচন্ড শীত পড়ে। এথন গরম কাল প্রচন্ড গরম পড়ছে। এখন আমাদের সতর্কতার সাথে চলাচল করতে হবে। আগুন থেকে সতর্ক থাকতে হবে।

তিনি বলেন,পবিত্র এই রমজান মাসে দ্রব্য মূল্য নিয়ন্ত্রণে আছে। তারপরও কিছু অসাধু ব্যবসায়ী সুযোগ বুঝে জিনিসের দাম বৃদ্ধি করছে। সকল ব্যবসায়ী ভাইদের কাছে অনুরোধ করবো তারা যেনো বেশি দামে পণ্য বিক্রি না করে।

এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, আজকে দেশে নতুন করে পাহাড়ে অশান্তি সৃষ্টির পাঁয়তারা চলছে। যারা সন্ত্রাস করছে, অশান্তি সৃষ্টি করছে সরকার কঠোর হস্তে তা দমন করবে। কেউ ঘোলা পানিতে মাছ শিকার করতে পারবে না।

মত বিনিময় কালে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, জেলা আওয়ামীলীগের সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান,জেলা আওয়ামী লীগের সাবেক নির্বাহী সদস্য শাহ আলম,সিরাজুল ইসলাম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর আওয়ামী লীগের সহসভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা,পৌর সহসভাপতি আবু ডালিম,পৌর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, আব্দুল মালেক, খাদিমপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোজাহিদুর রহমান জোয়ার্দ্দার লোটাস চেয়ারম্যান, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জয়নাল আবেদীন,কালিদাসপুর ইউনিয়ন চেয়ারম্যান আশাদুল হক মিকা, আওয়ামীলীগ নেতা জহুরুল ইসলাম স্বপন, জাহাঙ্গীর হোসেন, সোনাউল্লাহ, শহিদুল হক, দেলোয়ার হোসেন, বাস-ট্রাক মোটর

শ্রমিক ইউনিয়নের সভাপতি রিয়াজ উদ্দিন, জাতীয় শ্রমিক লীগের সভাপতি আব্দুর কুদ্দুস, আমিরুল ইসলাম, সাবেক যুবলীগ নেতা শাহিন রেজা, সোহেল রানা শাহিন, টুটুল, সৈকত খান, পৌর যুবলীগের আহবায়ক আসাদুল হক ডিটু, যুবলীগ নেতা মনিরুজ্জামান হিটু, সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল হক, হাসান, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হোসাইন বাদসা, রকি, সাকিব প্রমুখ।

দামুড়হুদা হাউলীতে ভিজিএফ’র চাউল বিতরণ পরিদর্শনে জেলা প্রশাসক

সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদ সহ বিভিন্ন ইউনিয়ন পরিষদে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দেওয়া ঈদ উপহার ১০ কেজি করে ভিজিএফ এর চাউল বিতরণ পরিদর্শন করলেন জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

গতকাল শনিবার বেলা সাড়ে ১১টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের ভিজিএফ এর চাউল বিতরণ পরিদর্শন করেন। এসময় তিনি উপস্থিত সেবা গ্রহীতাদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন।

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসেবে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে দরিদ্র অসহায় ও দূস্থ পরিবারের মাঝে সুন্দর ও সুষ্ঠ পরিবেশে ভিজিএফ এর ইউনিয়নের ৯টি ওয়ার্ডের ২ হাজার ৬শত ১৬ জন অসহায় ও দূস্থ পরিবারের মাঝে মাথাপিছু ১০কেজি করে চাউল বিতরন করা হয়। এসব চাউল সঠিক ও সুষ্ঠভাবে বিতরণ হচ্ছে কিনা তা নিজে সরজমিনে পরিদর্শন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ডা. কিসিঞ্জার চাকমা। চাউল বিতরণ কার্যক্রম পরিদর্শনে তিনি সন্তোষ প্রকাশ করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ভিজিএফ এর কর্মসূচির আওতায় বিনামূল্যে দরিদ্র জনগোষ্ঠীকে এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এটি একটা মহতি উদ্যোগ।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, ইউপি সচিব নাঈম হোসেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সদস্য ও প্যানেল চেয়ারম্যান ২ শহিদুল ইসলাম সহ ইউনিয়নের সকল ইউপি সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র আয়োজনে ঈদ সামগ্রী উপহার বিতরণ

“এসো ভালো কাজে পাশে থাকি, সুষ্ঠু সমাজ গঠন করি” স্লোগানকে ধারণ করে “ওরা বন্ধু সংঘ, দামুড়হুদার আয়োজনে দামুড়হুদা উপজেলা সদরে বিভিন্ন গ্রামের প্রায় অর্ধশত বিধবা অসহায়, প্রতিবন্ধী, দরিদ্র পরিবারের মাঝে ঈদ উপহার সামগ্রী সেমাই, সুজি, চিনি, বাদাম-কিসমিস, তেজপাতা, মশলা, লবন, পেঁয়াজ, শ্যাম্পু, হুইল পাউডার, বিতরণ করা হয়েছে।

গতকাল বিকাল সাড়ে ৪ ঘটিকার সময় দামুড়াহুদা ব্রিজ রোডস্থ প্রতিষ্ঠানটির অস্থায়ী কার্যালয়ে ওই ঈদ উপহার সামগ্রী বিতরণ ও শুভেচ্ছা বিনিময় করা হয়।

“ওরা বন্ধু সংঘ’র প্রতিষ্ঠাতা সভাপতি সাংবাদিক তানজীর ফয়সালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন সংগঠনটির উপদেষ্টা, বাংলাদেশ জাতীয় শ্রমিকলীগের দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি হাজী আব্দুল কাদির। বিতরণ পূর্বে সংক্ষিপ্ত বক্তব্যের শুরুতেই সংগঠনটির সংঙ্গে সংশ্লিষ্টদের প্রশংসা ও কল্যাণ কামনা করেন।

তিনি বলেন, দীর্ঘদিন যাবত দেখে আসছি সংগঠন ক্ষুদ্র পরিসরে হলেও অসহায়, বিধবা, প্রতিবন্ধী সহ আমাদের আশপাশের অসহায় মানুষের পাশে দাড়িয়ে আসছেন। যা অত্যন্ত ভালো কাজ, যা সবাই পারেন না। উপকার ভোগীদের উদ্দেশ্য তিনি বলেন, আপনারা সকলেই প্রতিষ্ঠানটির জন্য

দোয়া করবেন। আমি নিজেও প্রতিষ্ঠানটির সাফল্য লাভ করছি, পাশাপাশি আমি সর্বত্র সংগঠনটির পাশে থাকব ইনশাআল্লাহ।

“ওরা বন্ধু সংঘ’র উপদেষ্টা শিক্ষক সাংবাদিক হাফিজুর রহমান কাজলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বাসস্ট্যান্ড বাজার বণিক সমিতির সভাপতি মাকসুদুর রহমান রতন, ওরা বন্ধ সংঘ’র সমাজ কল্যান বিষয়ক সম্পাদক সংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ প্রমূখ।

আলমডাঙ্গায় ওয়েলফেয়ার সোসাইটি উদ্যোগে ইফতার মাহফিল

আলমডাঙ্গা উপজেলা গ্রাম্য চিকিৎসক (আরএমপি) ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা স্টেশনপাড়ায় আজ শুক্রবার এই ইফতার মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় গ্রাম্য চিকিৎসক(আর এম পি) ওয়েলফেয়ার সোসাইটির আলমডাঙ্গা শাখার সভাপতি জিনারুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতির সভাপতি আকবার আলি আকু।তিনি বলেন সারা বাংলাদেশে বিশ লক্ষ গ্রাম্য চিকিৎসকরা এক ছাতার তলে সংগঠিত হওয়ার লক্ষে কেন্দ্রীয় কমিটি নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। সেই আলোকে চুয়াডাঙ্গা জেলা কমিটি সহ আলমডাঙ্গা তে আহব্বায়ক কমিটি গঠন করা হয়েছে। গ্রাম্য চিকিৎসকদের আত্মসম্মানের সহিত তাদের সেবামূলক কর্ম নির্বিঘ্নে করতে দিতে হবে।

বিশেষ অতিথি ছিলেন ডা: কে এন করিম,কাজী সজীব,রাকিবুল ইসলাম খানা,আবু জাফর,সহিদুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মোসারেফ হোসেন, এ কে আজাদ পাপ্পু, ইমন হোসেন, সামাদ আলি, আরাফাত রুদ্র রেজাউল করিম, মোস্তাফিজুর রহমান, বাইজেন, সাইন আলি, ডালিম হোসেন, হালিম হোসেন, লিয়াকত

আলমডাঙ্গায় ফিরোজা ক্লিনিকের ইফতার মাহফিল অনুষ্ঠিত

মাহে রমজান উপলক্ষ্যে আলমডাঙ্গার ফিরোজা ক্লিনিকের উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যায় উপজেলা ডাউকি ইউনিয়নের হাউসপুর তিন রাস্তার মোড় এলাকায় ফিরোজা ক্লিনিক প্রাঙ্গণে এ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

এ ইফতার মাহফিল আয়োজন করেন ফিরোজা ক্লিনিকের স্বত্বাধিকারী ডা: নজরুল ইসলাম। ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তরিকুল ইসলাম, ডা: আব্দুল আল মামুন, ডা: এনামুল হক সহ প্রায় অর্ধশতাধিক রোজাদার উপস্থিত ছিলেন।

দর্শনা কেরুজ সবুজ সংগঠনের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্টিত

দর্শনা কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ সংগঠনের উদ্দগে সংগঠন কার্যলয়ে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্টিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল সাড়ে ৫ টায় কেরুজ সবুজ সংগঠন কার্যলয়ে কেরুর শ্রমিক কর্মচারীদের নিয়ে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্টিত হয়।উক্ত দোয়া মাহফিলে স্বাগত বক্তব্য রাখেন, সবুজ সংগঠনের কর্নধর ও

শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ বলেন,শ্রমিকদের স্বার্থে সব সময় পাশে আছি থাকবো। আগামী নির্বাচনে আপনারা পাশে থেকে আপনাদের যত প্রকার সুযোগ সুবিধা আছে তা বুজিয়ে দেব।

এ সময় আরও উপস্থিত ছিলেন,কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সহ সভাপতি রেজাউল ইসলাম,সহ সাধারন সম্পাদক হাফিজুল ইসলাম,সদস্য ডাবলু, লোমান, হারিজুল ইসলাম,নুর ইসলাম,ড্রাইভার ইসমাইল, বকুল,মানিক,জহুরুল, রফিকুল ইসলাম ববি,মিরাজ,তোফাজ্জেল হোসেন তপু,মিল্লাত, সিডিএ বাবু,শাওন,এ ইফতার মাহফিলের দোয়া পরিচালনা করেন,কেরুজ জামে মসজিদের পেশ ইমাম,সামসুজোহা,অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন, রাসেল উদ্দিন টগর।

দর্শনায় বন্ধুজন-৮৯ এর উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠিত

দর্শনায় বন্ধুজন-৮৯ এর উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্টিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দর্শনা সরকারী কলেজের একাডেমী ভবনে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

দর্শনা সরকারী কলেজের প্রয়াত প্রতিষ্ঠাতা শিক্ষক-সহপাটি বন্ধুদের রূহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়েছে। দর্শনা কাষ্টমস্ কলনী জামে মসজিদের পেশ ঈমাম দোয়া পরিচালনা করেন।

ইফতার মাহফিলে অতিথি হিসাবে উপস্থিত বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগারের পরিচালক আবু সফিয়ান।

এছাড়া বন্ধুজনের পক্ষে বক্তব্য রাখতে গিয়ে আব্দুস সামাদ আজাদ বিপু বলেন, আমরা দর্শনা সরকারী কলেজের ব্যাচের অনেক বন্ধুকে হারিয়েছি, আমাদের প্রিয় শিক্ষকদের হারিয়েছি। তাদের মাগফেরাত কামনা এবং সকল বন্ধু সময়ের প্রয়োজনে একত্রিত হতে একে অপরের চলার

পথে খোজ খবর রাখা। অসহায় বন্ধুদের পাশে দাড়িঁয়ে সহযোগিতা করা আমাদের এসব অনুষ্ঠানের আয়োজন।

এছাড়া বন্ধুজনের পক্ষে বক্তব্য রাখেন, আব্দুল হাকিম, আজিজুল হক, সালাউদ্দিন কাজল, ইমতিয়াজ হোসেন, কচি, এটিএম খান রান, সরোজিৎ, আব্দুর রাজ্জাক প্রমুখ।

চুয়াডাঙ্গার দুটটি ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যানদের শপথ

চুয়াডাঙ্গা সদর উপজেলার নবগঠিত মাখালডাঙ্গা ও শংকরচন্দ্র ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যানগণের শপথ বাক্য পাঠ করান। শপথ শেষে তিনি নবনির্বাচিত চেয়ারম্যানদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

শপথ গ্রহণ করেন চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মহিউল আলম ও মাখালডাঙ্গা ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান বিশ্বজিৎ সাহা।

শপথ গ্রহণ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গার স্থানীয় সরকারের ভারপ্রাপ্ত উপপরিচালক শারমিন আক্তার, চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) নাজিম উদ্দীন আল আজাদ, চুয়াডাঙ্গা পৌরসভার মেয়র জাহাঙ্গীর আলম, সদর উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান। জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহিদুল আলমের পরিচালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাজ্জাদ হোসেন, চুয়াডাঙ্গা প্রেসক্লাব সভাপতি রাজিব হাসান কচি, সদর উপজেলা নির্বাচন অফিসার এবং মাখালডাঙ্গা ও

শংকরচন্দ্র ইউনিয়ন পরিষদ নির্বাচনের রির্টানিং অফিসার রাহুল রায়।

শপথ গ্রহণ অনুষ্ঠানে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা নবনির্বাচিত চেয়ারম্যানদের উদ্দেশ্যে বলেন, ‘আপনাদের নিজের বিবেচনাবোধ, বিচক্ষণতা ও নিজের সত্ত্বা, এটাই সবচেয়ে বড়। নিজের শিক্ষা ও নৈতিকতা দিয়েই আপনারা আপনাদের চালিত করবেন। এটার উপরেই আপনাদের সুনাম ও দুর্নাম নির্ভর করে। নিজের জ্ঞান, প্রজ্ঞা, সততা ও স্বচ্ছতা দিয়ে দায়িত্ব পালন করবেন। এতে করে আপনাদের মাধ্যমে মানুষ উপকৃত হবে।’

জেলা প্রশাসক বলেন, আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকবেন। যথাযথ সেবা দিবেন। উদ্যোক্তা, সচিব ও সদস্যদের নিয়ে সকল ধরনের উন্নয়নমূলক কাজে নেতৃত্ব দেয়া এখন আপনাদের হাতে। মাদকমুক্ত ইউনিয়ন হতে হবে। কোনো ধরনের সামাজিক সংকট তথা বাল্য বিয়ে, জঙ্গিবাদ মোকাবেলায় কাজ করবেন। সেবা প্রার্থীদের যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক সেবা দিবেন।

জেলা প্রশাসক নবনির্বাচিত চেয়ারম্যানের মঙ্গল কামনা করে বলেন, ‘সুন্দর, সৎ ও ভালোভাবে আপনাদের সময়টা পার করতে পারবেন, এ আশি রাখি।’

উল্লেখ্য, গেল ৯ মার্চ সদর উপজেলার মাখালডাঙ্গা ও শংকরচন্দ্র ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। ইউপি সদস্যদের আগামি ৮ এপ্রিল শপথবাক্য পাঠ করাবেন সদর উপজেলা নির্বাহী অফিসার ফাতেমা- তুজ-জোহরা।

ইসলামিক মিডিয়া চুয়াডাঙ্গা’র পক্ষ থেকে ইফতার মাহফিল

ইসলামিক মিডিয়া চুয়াডাঙ্গা’র পক্ষ থেকে ইফতার মাহফিল ও মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার চুয়াডাঙ্গা চিকেন গার্ডেনে।

অসংখ্য সাংবাদিক ও লেখকের উপস্থিতিতে হাফেজ মাওলানা আব্দুল খালেক

এর পরিচালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমির মোঃ রুহুল আমিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলার সহকারী সেক্রেটারী এডভোকেট মাসুদ পারভেজ রাসেল আরও উপস্থিত ছিলেন ছাত্র নেতা আরিফুল উদীয়মান লেখক শেখ মাসুদ রানা সাগর, কামাল উদ্দীন, মাওলানা আরিফুল ইসলাম হাওলাদার, ইকরামুল হক, নুরুজ্জামান, খন্দকার শরিফুল,মাহমুদুল হাসান সহ অসংখ্য লেখক সাংবাদিক ও বিভিন্ন পর্যায়ের ছাত্র নেতৃ বৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে রুহুল আমিন বলেন আমরা তিনটি কাজ করতে চাই, এক নম্বর সমাজের অবহেলিত মানুষ গুলোর পাশে থেকে একটি সোনালি সমাজ গড়তে হবে , দুই নম্বর, ন্যায় ও ইনসাফ ভিত্তিক সমাজ প্রতিষ্টার জন্য কুরআনের আইন বাস্তবা য়ন করতে হবে, তিন নম্বর, আমাদের সমস্ত কাজই হবে মহান আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য।

দামুড়হুদার বিষ্ণুপুরে ইজিবাইকের ধাক্কায় প্রাণ গেল শিশুর

দামুড়হুদার বিষ্ণুপুরে ব্যাটারিচালিত ইজিবাইকের ধাক্কায় ইব্রাহিম
(৭) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। আজ বৃহস্পতিবার বেলা ১০টার সময় এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা তাকে দ্রুত মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহত ইব্রাহিম বিষ্ণুপুর কাছারীপাড়ার বারেকের ছেলে। সে মজারপোতা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেনীর ছাত্র। জানা গেছে নিহত ইব্রাহিম পটকাবাজি কেনার জন্য বিষ্ণুপুর বাজারে যায়। বাজার থেকে ফেরার পথে বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয় পার হয়ে পাওয়ার টিলার থেকে ঝুলন্ত অবস্থায় রাস্তার উপর পড়ে গেলে তৎক্ষণাৎ উঠে দাঁড়ানোর চেষ্টা করে। এমন সময় পিছন থেকে আসা দ্রুত গতির একটি